5175 I ~~5786~~ 25 Rs.




Admissible under Rule 21
and also under section 18
~~or 12~~ of the Bengal
Tenancy Act VIII of 1885
duly stamped -
under the Bengal Stamp
Amendment Act 1922
Schedule IA No 23

Fees paid as under
A — 8/-
N — 1/8

Registering Officer
29/5/3... — 10/10

Executed on behalf of
The Jadabpur Estate Ltd
Mg. Director
Debendranath Chakrabarty

কোবলা গ্রহীতা-

১। শ্রীগিরিজাকান্ত মজুমদার-
২। শ্রীবিরজাকান্ত মজুমদার-
পিতা- স্বর্গীয় রমনীকান্ত মজুমদার-
জাতি ব্রাহ্মন- ব্যবসা চাকুরী ও
তালুকদারী সাং কোন্ডা, থানা
কেরানীগঞ্জ জিলা ঢাকা।

কোবলা দাতা

১। দি যাদবপুর এষ্টেট লিমিটেড্
সাং যাদবপুর থানা সদর-
টালীগঞ্জ পরগনা খাসপুর-
জিলা ২৪ পরগনা।
২। শ্রীদেবেন্দ্রনাথ চক্রবর্ত্তী
পিতা-শ্রীতারকনাথ চক্রবর্ত্তী-
জাতি ব্রাহ্মন ব্যবসা চাকুরী
গ্রাং সাং যাদবপুর থানা সদর-
টালীগঞ্জ পরগনা খাসপুর-
জিলা ২৪ পরগনা।

মৌরসী- মোকররী- স্বত্বের জমি জমা বিক্রয়ের সাফ- কোবলা পত্র মিদং কার্য্যঞ্চাগে জিলা ২৪ পরগনা থানা সদর টালীগঞ্জ পরগনা খাসপুর- সব-রেজেষ্টরী আলীপুর- মৌজা- ইব্রাহিমপুর- মধ্যে- নিম্ন তপশীল সম্পত্তির- ১৪০/৩৩৮ নং দাগ ভূমির- ষোল আনা- কছিমদ্দিন সাপুইর ওয়ারিশান ফকির সাপুই দিগরের স্বত্ব দখলীয় বার্ষিক- ২৸৵১০ জমার- সাধারন- স্থিতিবান রায়তী স্বত্বের- জমি ছিল যাহা বিগত সেটেলমেন্ট জরীপে- উক্ত- ফকীর সাপুই দিগর নামে ১১ নং খতিয়ানে চূড়ান্ত

No. 430/431 Date 30.11.1935
Sold to Girija Kanta Mazumdar
of Jadabpur for Rs. 25/-
Judge's Court, Alipore 24 Pgs.

Presented for Registration at A.M. or P.M. on the 20th day of 1935 at the Sadar Registration Office at Alipore by Praphulla Kumar Basu as agent for S. K. Roy managing director of the Jadabpur Estate Limited

~~Executant or Claimant or attorney~~ under a power of attorney No 139 for 1935 authenticated by the Sub-Registrar of Alipore

For and on behalf of The Jadabpur Estate Ltd.
S. K. Roy
Mg. Director.
By Praphulla K. Basu
Agent to said Mr. S. K. Roy

District Sub-Registrar.
20/11/35

Execution is admitted by Praphulla Kumar Bose as agent for S. K. Roy managing director of the Jadabpur Estate Limited

son of late Sashi Kumar Basu of 74 Bondel Road

Thana Ballygunge

District 24 Parganas

By caste Kayastha

by profession Pleader Alipore Judge's court

7/33

For and on behalf of The Jadabpur Estate Ltd.
S. K. Roy
Mg. Director
By Praphulla Kumar Basu
Agent to said Mr. S. K. Roy

Identified by Brahma Prasanna Nag Son of Uma Prasanna Nag of 7/C Cannel Road, Thana Ballygunge District 24 Pargs by caste Kayastha by profession Service

Debendranath Chakrabarty

Brahmaprasanna Nag.

District Sub-Registrar.
20/11/35

[illegible]

D.S.R.
20/11/35

২৫ ফর্দ

20 Rs.

GOVERNMENT OF INDIA

TWENTY RUPEES

For and on behalf of
The Jadabpur Estate Ltd
Mg. Director

রেকর্ড হইয়াছে। তৎপর জিলা ২৪ পরগনা আলীপুর প্রথম মুনসেফী আদালতের ১৯২৬ সনের ৩৭৫ নং রেহানী মোকদ্দমার ডিক্রিদার শ্রী অবিনাশ চন্দ্র দে ১৯৩০ সনের ৭৭৮ নং রেহানী ডিক্রিজারি মারফায় দেনদার উক্ত ফকির সাপুই গয়রহের স্বত্ব দখলীয় পূর্ব্ব বর্ণিত ১৪০/৩৭৮ নং দাগ ভূমি ও অন্যান্য ভূমি নীলামে তোলেন। আদালতের প্রকাশ্য নীলামে ১নং কোবলাদাতা কোম্পানী ২নং কোবলাদাতার বিনামাতে উক্ত কোম্পানীর তৎকালীন কর্ম্মচারী নন্দ মিস্ত্রীর দ্বারা নিজ স্বার্থে ও আপন মূলধনে অপরাপর ভূমি সহ উক্ত ১৪০/৩৭৮ দাগের ভূমি নীলাম খরিদ করেন ও আদালত যোগে ১৭।১২।৩১ তারিখে নীলাম খরিদা ভূমিতে রীতিমত দখল গ্রহণ করেন। এবম্প্রকারে তপশীলের ১৪০/৩৭৮ দাগের ষোল আনায় ফকির সাপুই গয়রহের যে স্থিতিবান রায়তী স্বত্ব নিয়ত ছিল তাহা ১নং কোবলাদাতা কোম্পানী অর্জ্জন করেন ও তাহা নিজ খাস দখলে রাখিয়া নিরাপত্তে ভোগ দখল করিয়া আসিতেছেন। তপশীলের ইব্রাহিমপুর মৌজায় ৫৩নং খতিয়ান লিখিত ১৬৪ দাগের ষোল আনা সহ অপরাপর জমি মোট ১.০১৮ শতক পরিমান জমি এফাজুদ্দিন মোল্লার বার্ষিক ৭৷৵৩ পাই জমার সাধারণ স্থিতিবান রায়তি স্বত্বের জমি ছিল। ১নং কোবলাদাতা কোম্পানী এফাজুদ্দিন মোল্লার স্বত্ব দখলীয় উল্লিখিত ১৬৪ দাগের ভূমি ও অন্যান্য ভূমি উক্ত এফাজুদ্দিন মোল্লা হইতে ১৯৩৫ সনের ২৪শে জানুয়ারী তারিখের রেজেষ্ট্রী কৃত

No. 431 Date 30-11-1935
Sold to Giriza Kanta Mazumdar
of Jadabpur for Rs. 20/
Judge's Court,
Alipore 24 Pgs. (Sd) Lalit C. Chakrabarty

SEAL OF THE DISTRICT SUB-REGISTRAR OF 24 PARGANAS

2/12/35
District Sub-Registrar.

For and on behalf of
The Jadubpur Estate Ltd
Mg. Director
Debendranath Chakraborty

এক খণ্ড সাফ কোবলা দ্বারা নগদ মূল্যে খরিদ করেন ও ১নং কোবলাদাতা কোম্পানী এরাজুদ্দিন মোল্লার নিকট হইতে খরিদা উক্ত ১৩৪ দাগ ভূমিতে ও অপরাপর ভূমিতে রীতিমত দখল প্রাপ্ত হন ও তদবধি ১নং কোবলাদাতা কোম্পানী তাহা খাস পতিত রাখিয়া ভোগ দখল করিতেছেন। পূর্ব্ববর্ণিত রূপে ১ নং কোবলা দাতা কোম্পানী তপশীলের লিখিত সাকুল্য ভূমি স্থিতিবান রায়তি স্বত্বে মালীক দখলীকার হন। তৎপর বিগত ৫।৭।৩৫ ইং তারিখে রেজেষ্ট্রীকৃত একখণ্ড পাট্টাপত্র দ্বারা তপশীল জমির উপরিস্থ ষোল আনা মালীকান শ্রীযুক্ত রতিপতি রায় চৌধুরী দিগর হইতে ১নং কোবলাদাতা কোম্পানী তপশীল জমির ও অপরাপর জমির মৌরসী মোকররী স্বত্ব অর্জ্জন করেন। এই প্রকারে তপশীলের জমি ১নং কোবলাদাতা কোম্পানীর স্বত্বদখলীয় মৌরসী মোকররী স্বত্বের জমি হয় ও আমরা ১নং কোবলাদাতা কোম্পানী তাহার ভোগবান মালীক দখলীকার হইতেছি এবং তাহা বর্ত্তমানে আমাদের খাস পতিত জমি রূপে নিযুক্ত আছে। বর্ত্তমানে ১ নং কোবলাদাতা কোম্পানী আমরা তপশীল ভূমি বিক্রয় করিব বলিয়া ঘোষণা করিলে আপনারা কোবলা গ্রহীতাগন তাহা বেলমোক্তা ২৭০৭৲ টাকা মূল্যে খরিদ করিতে চাহিলে আমরা ১নং কোবলাদাতা কোম্পানী তাহাতে সম্মত হওয়ায় ও আপনারা কোবলা গ্রহীতাগন আমরা ১ নং কোবলা দাতা কোম্পানীকে নির্দ্ধারিত পনের সাকুল্য টাকা নিম্ন জায়মত বুঝাইয়া দেওয়ায় আমরা কোবলাদাতাগন তপশীল জমি আপনারা কোবলা গ্রহীতাদের নিকট সাফ বিক্রয় করিলাম। অদ্য হইতে তপশীল জমিতে আমরা কোবলা দাতাগনের যাবতীয় স্বত্ব, স্বার্থ ও অধীকার বিলুপ্ত হইল ও আপনারা কোবলা গ্রহীতাদের বরাবর আমরা জমির দখল পরিত্যাগ করিলাম। বিক্রীত জমিতে আমাদের আর কোনরূপ স্বত্ব সংশ্রব রহিল না। আপনারা কোবলা গ্রহীতাগন মৌরসী মোকররী স্বত্বে স্বত্ববান হইয়া তপশীল জমি দান বিক্রয় ও সর্ব্ব প্রকার হস্তান্তর করিবার নির্ব্যূঢ় স্বত্বে স্বত্ববান হইয়া পুত্র পৌত্রাদি ওয়ারিশান ক্রমে তাহা পরমসুখে ভোগ দখল করিতে থাকুন। আপনারা তপশীল জমিতে বসবাসের উপযুক্ত যে কোনরূপ ইমারতাদি নির্ম্মাণ, পুষ্করিণী কূপ প্রভৃতি খনন, বৃক্ষাদি রোপন ও ছেদন কি নিজ হালে চাষ আবাদ করিয়া অথবা প্রজা বিলি করিয়া ইহার যথেচ্ছ ব্যবহার

করিতে পারিবেন। ইহাতে আমরা কি আমাদের ওয়ারিশান স্থলবর্ত্তীগন কেহই কোনরূপ বাধা দিতে কি আপত্তি করিতে পারিব না। ইতিপূর্ব্বে তপশীল জমি কি তাহার কোন অংশ আমরা কোবলাদাতাগন অপর কাহারও নিকট দান বিক্রয় কি কোনরূপ হস্তান্তর বা এওয়াবিলি করি নাই কি তাহা রেহান বা লিজ রাখি নাই অথবা অন্য কোনরূপে দায়াবদ্ধ করি নাই কি দান বিক্রয় হস্তান্তর এওয়াবিলি রেহান লীজ বা দায় সংযুক্ত করিবার ও রাখিবার কোনরূপ চুক্তিতেও আবদ্ধ হই নাই। তপশীল জমিতে আদালতের কোন ক্রোক বা নিষেধাজ্ঞা জারিও নাই। যদি ভবিষ্যতে উল্লিখিত উক্তিসমূহের বিপরীত কোন কার্য্য করিয়া থাকা কি আদালতের কোন নিষেধাজ্ঞা বা ক্রোক জারি থাকা প্রকাশ পায় এবং তাহার জন্য আপনাদের কোনরূপ ক্ষতি হয় তাহা হইলে আমরা ১ নং কোবলাদাতা কোম্পানী মূল্যের সাকুল্য টাকা সহ সমুচিত ক্ষতিপূরন সহ ফেরত দিতে ওয়ারিশান স্থলবর্ত্তীক্রমে বাধ্য থাকিব। আপনারা কোবলাগ্রহীতাদিগের স্বত্ব দখল বহাল রাখার জন্য যদি কখনও কোনরূপ দলিল করার প্রয়োজন হয় তাহা হইলে আমরা ১ নং কোবলাদাতা কোম্পানী আপনারা কোবলাগ্রহীতা-দিগের খরচায় নিরাপত্ত্যে তাহা সম্পাদন ও রেজেষ্টারী করিয়া দিব। তপশীল জমি সম্পর্কিত যাবতীয় স্বত্ত্বের দলিল অপরাপর ভূমি সম্পর্কিত বলিয়া আপনারা কোবলাগ্রহীতাদিগকে আমরা ১ নং কোবলাদাতা কোম্পানী প্রদান করিতে পারিলাম না। তাহা আমরা কোবলাদাতা কোম্পানীর হেপাজতেই রহিল। আপনারা কোবলাগ্রহীতাদিগের বৈধ তলবমত আমরা কোবলা-দাতা কোম্পানী ঐ সব স্বত্ত্বের নিম্ন তপশীল লিখিত দলিলাদি আপনাদিগকে অর্পন করিব কি আবশ্যকমত আদালতে উপস্থিত করিব এবং আপনারা কোবলাগ্রহীতাদিগের কার্য্যাবসানে তাহা আমরা কোবলাদাতা কোম্পানীকে প্রত্যর্পন করিবেন। আপনারা কোবলাগ্রহীতাগন মালিক সরকারে নিজ নিজ নাম জারী করতঃ তপশীল জমির বাবদ বেলমোক্তা বার্ষিক ৯ং নয় টাকা খাজনা সন সন রীতিমত আদায় করিবেন। ইহা ছাড়া রোড সেস্, পাবলিক ওয়ার্ক সেস্ কি গভর্নমেন্ট কর্ত্তৃক যখন যে কোনরূপ সেস্ বা ট্যাক্স ধার্য্য হয় তাহাও আপনারা কোবলাগ্রহীতাগন পৃথকভাবে আদায় করিবেন। প্রকাশ থাকে যে আমি ২ নং কোবলাদাতা তপশীলের $\frac{১৪০}{৩৬৮}$ দাগ সম্পর্কে ১ নং কোবলাদাতা কোম্পানীর বেনামদার হইতেছি এবং

এই হেতু ভবিষ্যতে কোনরূপ কুতর্ক বা তৎপক্ষে কোনরূপ দাবী দাওয়া যাহাতে উপস্থিত না হইতে পারে তজ্জন্য ১নং কোবলাদাতা কোম্পানী সহ আমি ২নং কোবলাদাতা ও অত্র কোবলায় যুক্ত রহিলাম। আমি ২নং কোবলাদাতা এই কোবলায় পক্ষ হওয়া স্বত্ত্বেও এই দলিল মূলে আমার কোন প্রকার দায় দায়িত্ব রহিল না ও পনের টাকা সম্পর্কেও কোনরূপ স্বত্ব বা অধিকার রহিল না। পনের টাকা ষোল আনা ১নং কোবলা দাতা কোম্পানীর প্রাপ্য হইতেছে। পূর্ব্ববর্ণিত রূপে তপশীলের ১৬৪ দাগের ভূমি একক ১নং কোবলা দাতা কোম্পানীর স্বত্ব দখলীয় মৌরসী মোকররী স্বত্বের জমি বটে ও তাহাতে আমি ২নং কোবলা দাতার কদাপি কোনরূপ সংশ্রব ছিল না কি নাই। ১নং কোবলা দাতা কোম্পানী একক Warrant of Indemnity প্রভৃতির জন্য সম্পূর্ন দায়ী রহিলেন। আরও প্রকাশ থাকে যে, বিক্রিত সম্পত্তির লাগ দক্ষিণে ১১′ ফুট প্রস্থ যে জমি ১৬৫ দাগের পুকুরের পারভূমি হইতেছে ও যাহা বিক্রিত সম্পত্তির দক্ষিন সীমানার সংলগ্নে পূর্ব্ব পশ্চিমে লম্বালম্বি ভাবে অবস্থিত তাহার উপর আমরা কোবলাদাতা কোম্পানী আমাদের স্থলবর্ত্তীগন ক্রমে কদাপি কোনরূপ কাঁচা ঘরদুয়ার কি কোনরূপ পাকা ইমারত বা structure তুলিতে পারিব না। তাহা চিরকাল উন্মুক্ত থাকিবে। এতদর্থে আপনারা কোবলা গ্রহীতাগনের নিকট হইতে পনের সাকুল্য টাকা আমরা ১নং কোবলাদাতা কোম্পানী নিম্ন প্রদর্শিত মত বুঝিয়া পাইয়া আমরা ১।২নং কোবলাদাতা একযোগে স্বাধীন ও সুস্থভাবে স্বেচ্ছায় ও সজ্ঞানে আপনাদের বরাবর অত্র সাফ কোবলা দলিল সম্পাদন করিয়া দিলাম। ইতি- তাং ইং সন ১৯৩৫ সন ১৪ই ডিসেম্বর।

## তপশীল সম্পত্তি।

জিলা ২৪ পরগনা থানা সদর টালীগঞ্জ পরগনা খাসপুর সব রেজেষ্ট্রী আলীপুর রেঃ সাঃ নং ১০ জে এল নং ৩৬ তৌজি নং ২৩৭ মৌজা ইব্রাহিমপুর মধ্যে নিম্ন লিখিত মালিকান অধীন বার্ষিক বেলমোক্তা ৫৪, টাকা জমায় ১নং কোবলাদাতা কোম্পানীর ২.৫৭ শতক পরিমান জমির যে মৌরসী মোকররী স্বত্ব বর্ত্তমান আছে তদন্তর্গত নিম্ন নিম্ন খতিয়ানের নিম্ন নিম্ন দাগ ভূমির অংশ যাহার পরিমান একুনে ১৮ আঠার কাঠা হইতেছে ও যাহার বেলমোক্তা খাজনা বার্ষিক ৯, নয় টাকা তাহাই অত্র কোবলার ভূমি হইতেছে।

SEAL OF THE DISTRICT SUB REGISTRAR OF 24 PARGANAS ALIPUR

District Sub-Registrar.

For and on behalf of
The Jadabpur Estate Ltd
Mg. Director
Debendranath Chakraborty

| খতিয়ান নং | দাগ নং | উত্তর সীমানার দখলকার | জমির রকম | জমির পরিমান |
| --- | --- | --- | --- | --- |
| ৬৬ | $\frac{১৪০}{৩৯৮}$ এর অংশ | $\frac{১৪০}{৪৪৬}$ দাগ দং গোপাল চক্রবর্ত্তী গং | বাগান | সর্ব্বসাকুল্যে ১৮ কাঠা |
| ৫৩ | ১৬৪ এর অংশ | ১৬১, $\frac{১৪০}{৩৯৮}$ দাগ দং দি যাদবপুর এষ্টেট লিঃ | বাগান | মোট আঠার কাঠা জমি মাত্র — |

মূল্য ২৭০৭, টাকা

সং সাতাইশ শত সাত টাকা মাত্র।

## মালিকানের নাম ধাম।

১। শ্রীযুক্ত রতিপতি রায় চৌধুরী
২। " " জ্যোতিপতি রায় চৌধুরী
৩। " " বিশ্বপতি রায় চৌধুরী নাবালক
৪। " " জগৎপতি রায় চৌধুরী নাবালক
উক্ত ৩।৪ নং নাবালকদ্বয় পক্ষে গার্জিয়ান মাতা ও স্বয়ং
৫। শ্রীযুক্তা যজ্ঞসেনী রায় চৌধুরানী
সর্ব্ব সাং ১এ, কেদার বসু লেন, ভবানীপুর,
জিলা ২৪ পরগনা।

## পনের জায়।

১৩।১১।৩৫ তারিখে ইম্পিরিয়েল ব্যাঙ্ক বরাবর ড্রাফ্ট মূলে — ২৭০৭, টাকা

সং সাতাইশ শত সাত টাকা মাত্র

## তপশীল দলিল।

৭ম ফর্দ

For and on behalf of
The Jadabpur Estate Ltd.
[signature]
Mg. Director
Dhirendranath Chakraborty

তপশীল দলিল।

১। জিলা ২৪ পরগনা আলীপুর প্রথম মুন্সেফী আদালতের ১৯২৬ সনের ৩৭৫ নং রেহানী মোকদ্দমায় তপশীলের ১৪০/৩৭৮ দাগ ভূমির সংক্রান্ত নীলামী Sale Certificate — ১ কেতা

২। ১৯৩৫ সনের ২৪শে জানুয়ারী তারিখে দি যাদবপুর এষ্টেট্ লিমিটেড্ বরাবর শ্রী এলাজুদ্দিন মোল্লা দিয়ত রেজেষ্ট্রীকৃত কোবলা — - - - - - - - - - ১ কেতা

৩। ৫।৭।৩৫ তারিখে শ্রী রতিপতি রায় চৌধুরীদিগরের দিয়ত রেজেষ্ট্রীকৃত মৌরসী মোকররী লিজ — ১ কেতা

মোট ৩ কেতা

লিখক ও সাক্ষী
শ্রী কৃষ্ণপ্রসন্ন নাগ
সাং মাং ৭/২ সি জামির লেন,
বালীগঞ্জ, ২৪ পরগনা।

Witnessed by:-
Praphulla Kumar Basu
Pleader, Alipore
74 Bondel Road, Ballygunge.

Ananta Chandra Mukherji
45 Rupnarayan Nandan Road
Bhawanipur

SEAL OF THE DISTRICT SUB REGISTRAR OF 24 PARGANAS ALIPUR

District Sub-Registrar.

২৩।১।৩৫

Registered in

Book No ... I ...

Volume No ... 116 ...

Pages 59 to 65

Being No 5175

For the year 1935

N full

Read 14/1/36

SEAL OF THE DISTRICT SUB REGISTRAR OF 24 PARGANAS ALIPUR

District Sub-Registrar.

23-12-35